

বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া

বার্ষিক প্রতিবেদন

[২০১৯-২০২০ অর্থ বছর]

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া গত ২০১৯-২০২০ অর্থ বছরে যে সকল কার্যক্রম সফলতার সাথে সম্পাদন করেছে তা নিয়ে তুলে ধরা হলোঃ-

প্রশিক্ষণঃ বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া গত ২০১৯-২০২০ অর্থ বছরে ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ (৬ মাস মেয়াদী) কোর্সে ৪১ জন (সকল ক্যাডার) কর্মকর্তাকে সফলতার সাথে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করেছে। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থীগণ বিভিন্ন প্রতিষ্ঠান/দর্শনীয় জায়গা দর্শন করেন।



উন্নয়নঃ

আবাসিক কক্ষ নির্মাণঃ

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়ায় অবস্থিত ডরমেটরীতে ২৬টি রুম বিদ্যমান থাকা অবস্থায় নিজস্ব অর্থায়নে অফিস ভবনের ওয় তলায় নতুন ১০(দশ) টি ও ডরমেটরী ভবনের নিচ তলায় ১(এক) টি মোট ১১ (এগার) টি আধুনিক আবাসিক কক্ষ নির্মাণ করা হয়েছে। ২৬+১১=৩৭টি কক্ষে ৭৪ জনের আবাসিক সুবিধা বৃদ্ধি পেয়েছে। এতে করে এ প্রতিষ্ঠানে এক সাথে ২(দুই) টি প্রশিক্ষণ পরিচালনা করা সম্ভব হবে।



সৌন্দর্য বর্ধনঃ

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া প্রতিনিয়ত ক্যাম্পাস সৌন্দর্য বর্ধন করার কাজ করে চলেছে। এ কার্যালয়ের প্রবেশ পথে ফলজ ও ফুলের গাছ লাগানো হয়েছে। মূল ভবনের সামনে একটি বাগান নির্মাণ করা হচ্ছে। এছাড়াও ক্যাম্পাসের ভিতরে বিভিন্ন ফুল ও ফলজ গাছ লাগানো হয়েছে।



মুজিব বর্ষ পালনঃ

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষে মুজিব বর্ষ অত্যন্ত জাকজমক পূর্ণ ভাবে পালন করেছে।



বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপনঃ

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া মুক্তিযুদ্ধের চেতনাকে ধরে রাখার জন্য মুজিব বর্ষ উপলক্ষে পরিচালকের অফিস কক্ষের সাথে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করেছে। উক্ত কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই, ডকুমেন্টারী (ছবি) এবং ডিজিটাল ডিসপ্লে স্থাপন করা হয়েছে।



ডিজি ছত্তর নির্মাণঃ

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়ায় প্রশাসনিক ভবনের অভ্যন্তরে ডিজি নামে একটি ছত্তর নির্মাণ করা হয়েছে। যেটি অফিস ছত্তরকে আরো সুন্দর করেছে।



পরিচালকের কক্ষঃ

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া এর পরিচালকের কক্ষ আধুনিকায়ন করা হয়েছে। এতেকরে এই প্রতিষ্ঠানের সূন্দর্য ও প্রশিক্ষনের মান বৃদ্ধি পেয়েছে।



আধুনিক ক্লাসরুমঃ

২০১৮-২০১৯ অর্থ বছরে একটি মান সম্মত আধুনিক ক্লাসরুম তৈরি করা হয়েছিল যেখানে একসঙ্গে ৪০ জন প্রশিক্ষণার্থী ক্লাস করতে পারতো।

২০১৯-২০২০ অর্থ বছরে অফিস ভবনের ৩য় তলায় একটি মান সম্মত আধুনিক ক্লাসরুম তৈরি করা হয়েছে যেখানে একসঙ্গে ৮০ জন প্রশিক্ষণার্থী ক্লাস করতে পারে এরফলে এই প্রতিষ্ঠানে একইসঙ্গে ০২টি প্রশিক্ষণ কোর্স পরিচালনা করার সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।



আমার বাংলাদেশঃ

বিশ্ব মানচিত্রের বুকে বাংলাদেশ ক্ষুদ্র একটি দেশ। কিন্তু নাগরিক হিসেবে আমার দেশ ও পতাকা আমার নিকট অনেক বড়। বুকের ভিতর লালিত বৃহৎ বাংলাদেশকে ফুটিয়ে তোলার জন্যই স্থাপন করা হয়েছে “আমার বাংলাদেশ” কর্ণার। “আমার বাংলাদেশ” কর্ণারে বিশ্ব মানচিত্রকে দু’পাশ থেকে ধারণ করেছে আমার দেশ ও পতাকা। নিচে রয়েছে লাল সবুজের বেদী। রক্তস্নাত লাল সবুজের এ দেশে পতাকা উত্তোলিত হয়েছে ১৯৭১



সালে। লাল সবুজের বেদীটি রক্তস্নাত সবুজ বাংলাদেশকে বুঝায়। বিশ্বের যেখানেই থাকি না কেন আমার অস্তিত্ব জুড়ে আমার বাংলাদেশ। ক্ষুদ্র ভূখন্ডের একটি দেশ হলেও বিশ্বের বুকে বৃহৎ আকারে পরিচিত হোক লাল সবুজের আমার বাংলাদেশ। দেশপ্রেমকে জাগ্রত করার লক্ষ্যে এ কর্ণারটি স্থাপন করা হয়েছে।

বজ্রপাত নিরোধকঃ

বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। বজ্রপাত একটি অন্যতম দুর্যোগ। দেশে বজ্রপাতের কারণে প্রতি বছর শত শত লোক মারা যাচ্ছে। বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া’র বুকে পদচারণা প্রায় ৬,০০০ ছাত্র-ছাত্রী, শিক্ষক, প্রশিক্ষণার্থী ও কর্মকর্তাবৃন্দ। বাড় বৃষ্টির মাঝেও কার্যক্রম পরিচালনার জন্য বজ্রপাত মুক্ত নিরাপদ ক্যাম্পাস জরুরি। নিরবিচ্ছিন্নভাবে এ কার্যক্রম পরিচালনার স্বার্থে এবং



ইলেকট্রনিক্স যন্ত্রপাতির নিরাপত্তা রক্ষায় বজ্রপাত নিরোধ ব্যবস্থা যুগের চাহিদা। এরই প্রেক্ষাপটে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া’র সমস্ত এলাকা (শিক্ষা প্রতিষ্ঠানসহ) বজ্রপাত নিরোধ ব্যবস্থার আওতায় আনা হয়েছে। এখন খোলা আকাশের নিচে নিশ্চিন্তে চলা-ফেরা করতে পারে সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক ও ছাত্র-ছাত্রী। বজ্রপাত নিরোধক ব্যবস্থা আমাদের কর্মস্পৃহাকে আরো অনেক খানি বাড়িয়ে দিয়েছে।